

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

নথি নং-৪৬.০২০.০০৪.০১.০০.০৬৩.২০১৭ - ৭০৪

তাং ২৬-০৩-২০১৭খ্রিঃ


বিষয়ঃ সিলেট সিটি কর্পোরেশনের সাময়িক বরখাস্তকৃত মেয়র কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং- ৩৩০১/২০১৭ নং মামলার আদেশের বিরুদ্ধে উচ্চ আদালতে আপীল দায়ের প্রসংগে।

সূত্র : সিটি কর্পোরেশন -১ শাখার ইউ,ও,নোট নং-৪৬.০৭০.০২২.০০.০০.২২৮.২০১২-৩১৭ তাং-১৪-০৩-২০১৭খ্রিঃ।

সিলেট সিটি কর্পোরেশনের মেয়র (সাময়িক বরখাস্তকৃত) জনাব আরিফুল হক চৌধুরী এর বিরুদ্ধে দায়েরকৃত হবিগঞ্জ সদর মডেল থানার মামলা নং ২৭, তারিখ ২৮-০১-২০০৫ এর জি,আর নং ২৬/০৫ (হবিগঞ্জ) মামলার অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এ বিভাগের ০৭/০১/২০১৫ তারিখের ৪৬.০৭০.০২২.০০.০০.২২৮.২০১২-০৮ নং প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত সাময়িক বরখাস্ত আদেশ এর বিরুদ্ধে জনাব আরিফুল হক চৌধুরী কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং- ৩৩০১/২০১৭ নং মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ সাময়িক বরখাস্ত আদেশকে শ্বহগিত করেছেন।

২। এমতাবস্থায়, সরকারের পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতাসহ যাবতীয় কার্যক্রম গ্রহণকরতঃ ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব অত্র শাখায় প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ রুলের কপি।


(মোহাম্মদ শফিকুল আরিফ)
উপসচিব (আইন-১)
☎ ৯৫৪০৯৯৫
Email: arif6550@yahoo.com

উপসচিব (সিটি কর্পোরেশন-১)
স্থানীয় সরকার বিভাগ

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।